রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৮, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৯—৩৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৫—৫৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯—৩৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩—৫২ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**শাখা ডি-৪**

**অফিস আদেশ**

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/১০ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.০৪০.১৯.০০১.২৫-২৭৫**—নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের সরকারি ওয়েবসাইটে বিগত ফ্যাসিস্ট সরকারের তথ্য থাকায় “দৈনিক আমার দেশ” পত্রিকায় প্রতিবেদন প্রকাশিত হওয়ায়, উক্ত ওয়েবসাইটের Admin হিসেবে জনাব এস, এম, কামরুল হাসান দায়িত্ব পালন করায় এবং উক্ত অভিযোগের বিষয়ে গত ৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে মাননীয় প্রধান উপদেষ্টার সমীপে উপস্থাপিত সার-সংক্ষেপের কোনো সিদ্ধান্ত না পাওয়ায় উপপরিচালকের চলতি দায়িত্বের মেয়াদ বর্ধিত না করার বিষয়ে সংশ্লিষ্ট নিয়োগ/পদোন্নতি কমিটির সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০০৭.২৫-৫১১**—যেহেতু, জনাব এ, এইচ, এম ফয়জুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, মহাখালী

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

গণপূর্ত বিভাগ, ঢাকা ও সাবেক নির্বাহী প্রকৌশলী, গাজীপুর গণপূর্ত বিভা। তিনি গাজীপুর গণপূর্ত বিভাগে কর্মরত থাকাকালীন সময় জেলা পর্যায়ের ভবনের নকশা অনুমোদন কমিটি (বিসি কমিটি) এর সদস্য-সচিব ছিলেন। জনাব কে,এম রফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, জে, এল, সোয়েটার্স লিমিটেড, গাজীপুর সদর, গাজীপুর গার্মেন্টস ভবন নির্মাণের লক্ষ্যে ব্যক্তি মালিকানাধীন ২৫১৩ নং দাগে ১.৭৫ একর জমির ছাড়পত্রের বিপরীতে ২৫১৩ ও ২৫১০ নং দাগের মোট ৩.৪৩ একর জমিতে ভবনের নকশা অনুমোদনের জন্য আবেদন দাখিল করেন। ভূমি ব্যবহারের ছাড়পত্র ও ভূমির মালিকানা যাচাই না করেই প্ল্যানের অনুমোদন গ্রহণ করেন মর্মে অভিযোগের পরিপ্রেক্ষিতে জনাব এ, এইচ, এম ফয়জুল ইসলাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ, এইচ, এম ফয়জুল ইসলাম ০৩-১১-২০২৫ তারিখ কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের আলোকে ২৭-১১-২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তা ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি তত্ত্বাবধায়ক প্রকৌশলী মিজ্ হাসনাত সাবরিনা বক্তব্য পেশ করেন। জে, এল, সোয়েটার কর্তৃক গাজীপুর সদর উপজেলার মাহনা ভবানীপুর মৌজার আর এস ২৫১৩ ও ২৫১০ নং দাগের ক্রয়কৃত জমির দলিলাদি পর্যালোচনা এবং শুনানী অন্তে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সেহেতু, জনাব এ, এইচ, এম ফয়জুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, মহাখালী গণপূর্ত বিভাগ, ঢাকা ও সাবেক নির্বাহী প্রকৌশলী, গাজীপুর গণপূর্ত বিভাগ-এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০৪/২০২৫ নম্বর বিভাগীয় মামলা হতে তাকে সতর্ক করে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১১৮.২১.৬৩০**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬২৭৬ মেজর মানজিল হায়দার চৌধুরী, এএসসি-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস), ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ)অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২৭ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.০১১.২৫-১২৬**—যেহেতু, জনাব মোঃ দেলোয়ার উদ্দিন আহমেদ, অধ্যক্ষ, সংযুক্তিতে কর্মরত ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ডিটিটিটিআই) (সাবেক অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট)-এর বিরুদ্ধে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এবং দায়িত্বে অবহেলা সম্পর্কিত অভিযোগের বিষয়টি বিএমইটি কর্তৃক তদন্তে প্রমাণিত হয়। অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা নং-১২/২০২৫ রুজুপূর্বক জনাব মো: দেলোয়ার উদ্দিন আহমেদ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে এ মন্ত্রণালয় হতে গত ১৫-০৭-২০২৫ খ্রি. তারিখে ৪৯.০০.০০০০.০৫০.২৭.০১১.২৫.৯৭ পত্রের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছ পোষণ করেন কি না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৮-০৯-২০২৫ তারিখে লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। গত ২৭-১০-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীকালে রাষ্ট্রপক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তার বক্তব্য শ্রবণ করা হয়। শুনানীকালে বিভাগীয় মামলায় অভিযোগ, উভয়পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব, তথ্য প্রমাণ ও প্রাসঙ্গিক বিষয়সমূহ পর্যালোচনা করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য ও ডাক্তারি ব্যবস্থাপত্র ও মেডিকেল রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা বাস্তবিকই দীর্ঘদিন যাবৎ নানান অসুস্থতায় ভুগছেন। সামগ্রিক অবস্থা বিবেচনা করে মানবিক কারণে অভিযুক্ত অধ্যক্ষ জনাব মোঃ দেলোয়ার উদ্দিন আহমেদ-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে তাঁকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৩। সেহেতু, জনাব মোঃ দেলোয়ার উদ্দিন আহমেদ, অধ্যক্ষ, সংযুক্তিতে কর্মরত ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ডিটিটিটিআই) (সাবেক অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট)-এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সামগ্রিক অবস্থা বিবেচনায় তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.০২৪.২৪-১২৭**—যেহেতু, জনাব মোঃ সুলতান হোসেন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গংগাচড়া-এর বিরুদ্ধে উক্ত কেন্দ্রে প্রাক-বহির্গমন ওরিয়েন্টেশন (পিডিও) কোর্স পরিচালনায় অনিয়ম, পিডিও কোর্সের ক্লাস পরিচালনায় রিসোর্স পার্সন নিয়োগ না করা, দালালদের মাধ্যমে বিভিন্ন জেলায় বিদেশ গমনেচ্ছুকদের পিডিও কোর্সে ভর্তি দেখিয়ে প্রশিক্ষণ না দিয়ে আর্থিক সুবিধা ও সনদায়ন করা, পিডিও কোর্সের আয় ব্যয়ের নথি যথাযথভাবে সংরক্ষণ না করার বিষয়ে আনীত

অভিযোগের ভিত্তিতে সরেজমিনে পরিদর্শনপূর্বক অনিয়মের বিষয়টি বিএমইটি কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে এ মন্ত্রণালয় হতে গত ২১-১১-২০২৪ তারিখের ৪৯.০০.০০০০.০৫০.২৭.০২৪.২৪-১৮৭ নং পত্রের মাধ্যমে বিভাগীয় মামলা রুজুপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৮-১২-২০২৪ খ্রি. তারিখে লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে ২৩-০১-২০২৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানীঅন্তে অভিযোগের বিষয়ে বিস্তারিত তদন্তের প্রয়োজন রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

৩। যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ০৪-০৮-২০২৫ তারিখে তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ সুলতান হোসেন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গংগাচড়া-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত বোর্ড উল্লেখ করেন; এবং

৪। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী যথাযথভাবে সকল প্রক্রিয়া অনুসরণ শেষে জনাব মোঃ সুলতান হোসেন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গংগাচড়া-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে দোষী সাব্যস্ত করত: একই বিধিমালা ৭(৮) বিধি অনুসরণক্রমে কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' বা বিধিতে বর্ণিত যে কোনো গুরুদণ্ড আরোপ করা হবে না-তা জানতে চেয়ে ১০-০৯-২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং তিনি গত ০৯-১০-২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেন; এবং

৫। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় জনাব মোঃ সুলতান হোসেন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গংগাচড়া, রংপুর {মূল পদ: চীফ ইন্সট্রাক্টর (কম্পিউটার), টিটিসি, রংপুর}-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

৬। সেহেতু, জনাব মোঃ সুলতান হোসেন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গংগাচড়া, রংপুর {মূল পদ: চীফ ইন্সট্রাক্টর (কম্পিউটার), টিটিসি, রংপুর}-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (খ)বিধি অনুযায়ী জনাব মোঃ সুলতান হোসেন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গংগাচড়া, রংপুর {মূল পদ: চীফ ইন্সট্রাক্টর (কম্পিউটার), টিটিসি, রংপুর}-কে আগামী '০৩ (তিন) বছরের জন্য পদোন্নতি স্থগিত রাখা' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.০২৬.২৪-১২৮**—যেহেতু, জনাব নিমাই কুমার দত্ত, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা-এর বিরুদ্ধে উক্ত কেন্দ্রে প্রাক-বহির্গমন ওরিয়েন্টেশন (পিডিও) কোর্স পরিচালনায় অনিয়ম, পিডিও কোর্সের ক্লাস পরিচালনায় রিসোর্স পার্সন নিয়োগ না করা, দালালদের মাধ্যমে বিভিন্ন জেলায় বিদেশ গমনেচ্ছুকদের পিডিও কোর্সে ভর্তি দেখিয়ে প্রশিক্ষণ না দিয়ে আর্থিক সুবিধা ও সনদায়ন করা, পিডিও কোর্সের আয় ব্যয়ের নথি যথাযথভাবে সংরক্ষণ না করার বিষয়ে আনীত অভিযোগের ভিত্তিতে সরেজমিনে পরিদর্শনপূর্বক অনিয়মের বিষয়টি বিএমইটি কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে এ মন্ত্রণালয় হতে গত ২৪-১১-২০২৪ তারিখের ৪৯.০০.০০০০.০৫০.২৭. ০২৬.২৪-১৯০ নং পত্রের মাধ্যমে বিভাগীয় মামলা রুজুপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১০-১২-২০২৪ খ্রি. তারিখে লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে ২৩-০১-২০২৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানী অন্তে অভিযোগের বিষয়ে বিস্তারিত তদন্তের প্রয়োজন রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

৩। যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ০৪-০৮-২০২৫ তারিখে তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব নিমাই কুমার দত্ত, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত বোর্ড উল্লেখ করেন; এবং

৪। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী যথাযথভাবে সকল প্রক্রিয়া অনুসরণ শেষে জনাব নিমাই কুমার দত্ত, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে দোষী সাব্যস্ত করত: একই বিধিমালার ৭(৮) বিধি অনুসরণক্রমে কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' বা বিধিতে বর্ণিত যে কোনো গুরুদণ্ড আরোপ করা হবে না-তা জানতে চেয়ে ১০-০৯-২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং তিনি গত ০৯-১০-২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেন; এবং

৫। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় জনাব নিমাই কুমার দত্ত, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচারণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

৬। সেহেতু, জনাব নিমাই কুমার দত্ত, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচারণ'-এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (খ)বিধি অনুযায়ী জনাব নিমাই কুমার দত্ত, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা-কে আগামি '৩ (তিন) বছরের জন্য পদোন্নতি স্থগিত রাখা' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

৭। জনস্বাথে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১০ অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৪৩২/২৫ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৯.০০.০০০০.০৫০.২৭.০২২.২৪-১৩৭(১)**—যেহেতু, জনাব সাঈদা মমতাজ নাহরীনা ইকবাল, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী-এর বিরুদ্ধে যথাসময়ে অফিসে উপস্থিত না হওয়া, অফিস সময়ে কর্মস্থলে না থাকা এবং ২ (দুই) মাস যাবৎ ক্লাস পরিচালনা না করে সরকারি চাকুরি বিধিমালা লঙ্ঘন করেছেন মর্মে টিটিসির অধ্যক্ষের নিকট হতে প্রাপ্ত অভিযোগের বিষয়টি বিএমইটি কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে এ মন্ত্রণালয় হতে গত ১২-১১-২০২৪ তারিখের ৪৯.০০.০০০০.০৫০.২৭.০২২.২৪-১৭৫ নং পত্রের মাধ্যমে বিভাগীয় মামলা রুজুপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, তাঁর নিকট হতে কোনো জবাব না পাওয়ায় গত ১৯-০১-২০২৫ খ্রি. তারিখে টিটিসির অধ্যক্ষের মাধ্যমে পুনরায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০২৪ নং বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অভিযোগ বিষয়ে ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব প্রিয়াংকা পাল, সিনিয়র সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ দেয়া হয়; এবং

৩। যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ২৮-০৮-২০২৫ তারিখে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব সাঈদা মমতাজ নাহরীনা ইকবাল, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী-এর বিরুদ্ধে অধ্যক্ষের রুমে বিভিন্ন ধরনের কথা কাটাকাটি, উচ্চস্বরে বাক্য বিনিময় ও বহিরাগতদের প্রবেশের ক্ষেত্রে তাঁর সম্পৃক্ততার অভিযোগ তদন্তে প্রমাণিত হয় এবং তাঁর বিরুদ্ধে উক্ত কার্যকলাপ অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সমর্থ হয় মর্মে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেন; এবং

৪। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী যথাযথভাবে সকল প্রক্রিয়া অনুসরণ শেষে জনাব সাঈদা মমতাজ নাহরীনা ইকবাল, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে দোষী সাব্যস্ত করত: একই বিধিমালার ৭(৮) বিধি অনুসরণক্রমে কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' বা বিধিতে বর্ণিত যে কোনো গুরুদণ্ড আরোপ করা হবে না-তা জানতে চেয়ে ১০-০৯-২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং তিনি গত ২২-১০-২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেন; এবং

৫। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় জনাব সাঈদা মমতাজ নাহরীনা ইকবাল, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

৬। সেহেতু, জনাব সাঈদা মমতাজ নাহরীনা ইকবাল, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ এর অভিযোগের গুরুত্ব এবং প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

৭। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নেয়ামত উল্যা ভূঁইয়া**
সিনিয়র সচিব।

---

### গৃহায়ন ও গণপূর্ত, মন্ত্রণালয়
### প্রশাসন অনুবিভাগ-১, প্রশাসন অধিশাখা-১
### প্রশাসন শাখা-২

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৩ পৌষ ১৪৩২/১৮ ডিসেম্বর ২০২৫

নং **২৫.০০.০০০০.১২৩.৩৬.০০১.২০.৯৬৪**—'বরিশাল উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৬৮নং অধ্যাদেশ)' এর ধারা ৪(১) এর অধীন এতদ্বারা "বরিশাল উন্নয়ন কর্তৃপক্ষ" নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.০০.০০০০.১২৩.২২.০০৫.২৩.৯৬৬**—'ময়মনসিংহ উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৬৯নং অধ্যাদেশ)' এর ধারা ৪(১) এর অধীন এতদ্বারা "ময়মনসিংহ উন্নয়ন কর্তৃপক্ষ" নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.০০.০০০০.১২৩.৩৫.০০১.২০.৯৬৭**—'রংপুর উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৭০নং অধ্যাদেশ)' এর ধারা ৪(১) এর অধীন এতদ্বারা "রংপুর উন্নয়ন কর্তৃপক্ষ" নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ নুরুল আমিন**
উপসচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৫ অগ্রহায়ণ, ১৪৩২/১০ ডিসেম্বর, ২০২৫

নং **৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৩.১১-১৩৪**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "হরিপুর পাওয়ার লিমিটেড" এবং "মেঘনাঘাট পাওয়ার লিমিটেড" প্রতিষ্ঠানকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬ এবং ১১৪ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ৫ নভেম্বর, ২০২৫ হতে ৪ মে ২০২৬ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলি:

১। বাংলাদেশ শ্রম বিধিমাল-২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে নির্দিষ্ট হারে অর্থ প্রদান করিতে হবে;

২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমাল-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৩। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

৪। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৫। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৬। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মেনে কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে।

নং **৪০.০০.০০০০.০১৬.০৩৬.০০৪.১১-১৩৪**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন)-এর ধারা ৩২৪ এর উপধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, ঠাকুরগাঁও, জয়পুরহাট, রাজশাহী, নাটোর, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, ফরিদপুর এবং জামালপুর জেলায় অবস্থিত বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর অধীনস্থ চিনিকল প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা, ১০০, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০১ নভেম্বর ২০২৫ হতে ৩০ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলি:

১। কোনো শ্রমিক দ্বারা সপ্তাহে ৬০ (ষাট) ঘণ্টার বেশি কাজ করানো যাইবে না;

২। অতিরিক্ত কাজের জন্য বিধি মোতাবেক স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমাল-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৬। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২/১৫ ডিসেম্বর ২০২৫

নং **৪৩.০০.০০০০.১১৪.৯৯.১৬১.২৪(অংশ)-৫৪৮**—জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর অধ্যাদেশ, ২০২৫ এর ৮(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে নির্দেশক্রমে জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর পর্ষদ গঠন করা হলো:

| ক্র নং | নাম ও পদবি | জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর অধ্যাদেশ, ২০২৫ এর ধারা |
|---|---|---|
| ০১. | জনাব নাসির আলী মামুন<br>একুশে পদক প্রাপ্ত বিশিষ্ট আলোকচিত্র শিল্প | অধ্যাদেশের ৮(১)(ক) ধারানুসারে মনোনীত সদস্য এবং পর্ষদ এর সভাপতি। |
| ০২. | মহাপরিচালক<br>আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | অধ্যাদেশের ৮(১)(খ) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |
| ০৩. | মহাপরিচালক<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর | অধ্যাদেশের ৮(১)(গ) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |
| ০৪. | যুগ্মসচিব (প্রত্নতত্ত্ব ও জাদুঘর)<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | অধ্যাদেশের ৮(১)(ঘ) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |
| ০৫. | যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অধ্যাদেশের ৮(১)(ঙ) ধারানুসারে পদাধিকার বলে সদস্য। |

| ক্র নং | নাম ও পদবি | জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর অধ্যাদেশ, ২০২৫ এর ধারা |
|---|---|---|
| ০৬. | ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর<br>অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় | অধ্যাদেশের ৮(১)(চ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ০৭. | ড. নাবিলা ইদ্রিস<br>অধ্যাপক, ব্র্যাক বিশ্ববিদ্যালয় | অধ্যাদেশের ৮(১)(চ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ০৮. | জনাব মোশফিকুর রহমান জোহান<br>মানবাধিকার কর্মী | অধ্যাদেশের ৮(১)(ছ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ০৯. | জনাব এ এস এম রেজাউর রহমান<br>কিউরেটর, দৃক পিকচার লাইব্রেরি | অধ্যাদেশের ৮(১)(জ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ১০. | জনাব সাবরিনা আফরোজ সেবন্তী<br>শহীদ পরিবারের সদস্য | অধ্যাদেশের ৮(১)(ঝ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ১১. | জনাব মালিহা নামলাহ<br>জুলাই আন্দোলনে অংশগ্রহণকারী | অধ্যাদেশের ৮(১)(ঝ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ১২. | জনাব মীর আহমাদ বিন কাসেম আরমান<br>গুমের শিকার ব্যক্তি | অধ্যাদেশের ৮(১)(ঞ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ১৩. | জনাব সানজিদা ইসলাম তুলি<br>গুম পরিবারের সদস্য | অধ্যাদেশের ৮(১)(ঞ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ১৪. | ক্যাপ্টেন (অব.) ড. খান সুবায়েল বিন রফিক<br>গুমের শিকার ব্যক্তি | অধ্যাদেশের ৮(১)(ঞ) ধারানুসারে মনোনীত সদস্য। |
| ১৫. | মহাপরিচালক<br>জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর | অধ্যাদেশের ৮(১)(ট) ধারানুসারে পদাধিকার বলে সদস্য-সচিব। |

০২। জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ৮(১) এর (ক), (চ), (ছ), (জ), (ঝ) এবং (ঞ) অনুসারে মনোনীত পর্ষদ সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসর মেয়াদে স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন এবং অনধিক এক মেয়াদের জন্য পুনঃমনোনয়নের যোগ্য হইবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মৌসুমী সরকার রাখী**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১২৭/২০২৫/কাস্টমস/৫২০**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-১০ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার চন্দ্রপুর ও দুর্গাপুর মৌজার অন্তর্গত নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস ওয়ারহাউসিং স্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা:

| ক্র: নং | মৌজা | জে. এল নং | খতিয়ান নং | দাগ নম্বর | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | চন্দ্রপুর ও দুর্গাপুর | ১৬ ও ১৯ | এসএ খতিয়ান নম্বর- ১৩, ০৪, ০৫, ১৪, ১৯, ৯৭, ০৪, ১০৪, ৯৫, ০৯, ১২; নামজারি খতিয়ান নম্বর- ৪৯০, ৪৯২, ৪৯১, ৪৯৫, ৪৯৬, ৪৯৮, ৪৯৯, ৫০৩, ২৫-৫২১, ২৫-৫৩৬ এবং এসএ খতিয়ান নম্বর- ৫৪, ৬৪, ২০৫, ২৬৯, ২৪১, ৫৫, ২৬৯, ২৫১, ৬৭; নামজারি খতিয়ান নম্বর- ৭১৭, ৭২০, ৭১৯, ৭২৩, ২৫-৭৫১ এবং হোল্ডিং নম্বর- ৭২৩, ৭২৫, ৭২৪, ৭২৬, ২৫-৭৫১ | এসএ ৪০৩, ৪০৪, ৪০৫, ৪০৬, ৪০৭, ৪০৮, ৪০৯, ৪৪৩, ৪৪৪, ৪৪৫, ৪৭১, ৪৭২, ৪৭৫, ৪৭৬, ৪৭৮, ৪৮১, ৪৮৩, ৪৮৪ এবং ১০০৫, ১০০৬, ১০০৭, ১০০৮, ১০১০, ১০১১, ১০১২, ১০১৩, ১০১৪, ১০১৫, ১০১৭, ১০১৮, ১০১৯ | ১৯.৬৪ একর |

**চৌহদ্দি:**

ক) পূর্বে : নদী;

খ) পশ্চিমে : রাস্তা;

গ) উত্তরে : খালি ভূমি;

ঘ) দক্ষিণে : খালি ভূমি।

তারিখ: ০২ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১২৮/২০২৫/কাস্টমস/৫২৪**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড [বন্ড লাইসেন্স নং-১২৫/কাস/এসবিডব্লিউ/৮৪, তারিখ: ০২-০৮-১৯৮৪ খ্রি.] এর অনুকূলে ইতোপূর্বে বিয়োজনের শর্তে ২০২৪-২৫ অর্থবছরের আমদানি প্রাপ্যতার বৃদ্ধিকৃত মেয়াদের মধ্যে আমদানিকৃত ২,০৬,৭৮২.৬৬ মার্কিন ডলার বিয়োজনপূর্বক ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২০২৬ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১. | ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড | ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৫**
**এল, এ, নথি নং-১৩/৭৭-৭৮ (ঝিকর)**

**"ঘ-ফরম"**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭)/ ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ২৮ নভেম্বর ২০০১

নং **ভূঃ মঃ/শা-৫/১ অঃ (যশোর)-১৬/২০০১-৭৫৮**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩-ধারা মোতাবেক ১৩-৮-৭৯ তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে।

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫-ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রির্পোট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি সমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

যেহেতু, উক্ত আইনের ৫-ধারা (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে নিম্ন তফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল।

"তফসিল"

| জেলা | থানা | মৌজা | দাগ নং | পূর্ণ/আংশিক | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| যশোর | ঝিকরগাছা | পায়রাডাঙ্গাঁ জে, এল, নং ৬৫ | ৩৭ | আংশিক | .৩৬ |
| | | | ৩৮ | " | .০৭ |
| | | | ১১২ | " | .১৪ |
| | | | ১০৩ | " | .৪০ |
| | | | ১১৪ | " | .৪৪ |
| | | | ১৫৬ | " | .৪২ |
| | | | ১৫৭ | " | .১৭ |
| | | | | **মোট** | **২.০০ একর** |

জমির নকশা যশোর ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন্নেছা বেগম**
সিনিয়র সহকারী সচিব।

**এল, এ, নথি নং-৮/৭৫-৭৬ (ঝিকর)**

**"ঘ-ফরম"**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭)/ ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ: ০৯ জুন ২০০২

নং **ভূঃ মঃ/শা-৫/১ অঃ (যশোর)-১৬/২০২-২৯১**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩-ধারা মোতাবেক ২১-১২-১৯৭৮ ইং তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে।

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫-ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রির্পোট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

যেহেতু, উক্ত আইনের ৫-ধারার (৭)/উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে নিম্ন তফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল।

**তফসিল**

| জেলা | থানা | মৌজা | পূর্ণ দাগ | আংশিক দাগ | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| যশোর | ঝিকরগাছা | কীর্ত্তিপুর, জে, এল, নং ৬৭ | ৮৯০ ও ৮৯১ | নাই | ০.৫৯ একর |

জমির নকশা যশোহর ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন্নেছা বেগম**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ/২২ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৯২.১৫.২১৪.২১-১৫৩৫**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৩.১৭-১২৪৩ সংখ্যক স্মারকের (একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত পত্র) ক্রমিক ১৭-এ 'ধামরাই হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয়', ধামরাই, ঢাকাকে সরকারিকরণ করা হয়। বর্ণিত বিদ্যালয়টির নাম সংশোধন করে 'ধামরাই হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজ, ধামরাই, ঢাকা নামে সরকারিকরণ করা হলো।

২। প্রচলিত বিধি-বিধানের আলোকে এই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের আত্তীকরণ করা হবে।

৩। আত্তীকৃত শিক্ষক/কর্মচারীর চাকরি বদলিযোগ্য হবে না।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিনা ইয়াসমিন**
উপসচিব।